

নির্বাচন কমিশন কার্যালয়
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন-২০২২-২৩
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহণ পুল ভবন, ঢাকা-১০০০।

নথি নম্বর-৪৮.০০.০০০০.০০১.৩৫.০০৫.২৩-৯০

তারিখ: ১৮ চৈত্র, ১৪২৯
০১ এপ্রিল, ২০২৩

বিষয়: বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩ অনুষ্ঠানের লক্ষ্যে চূড়ান্ত ভোটার তালিকা ও নির্দেশিকা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩ অনুষ্ঠানের লক্ষ্যে গঠিত নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সংশোধিত নির্বাচনি তফসিল অনুযায়ী আগামী ২০/০৫/২০২৩ তারিখ শনিবার সারাদেশে একযোগে কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ড নির্বাচন অনুষ্ঠিত হবে।

০২। ঘোষিত সংশোধিত নির্বাচনি তফসিল অনুযায়ী আগামী ০৫/০৪/২০২৩ তারিখ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের দিন ধার্য আছে। ইতোমধ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে চূড়ান্ত ভোটার তালিকা পাওয়া গেছে। উপজেলা/মহানগরভিত্তিক প্রণীত ভোটার তালিকার ২ (দুই) সেট বিশেষ বাহক মারফত এ সাথে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)।

০৩। প্রেরিত ২ (দুই) সেট ভোটার তালিকার ১ (এক) সেট জেলা প্রশাসকের পক্ষে জেলা কমান্ডের রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট অতিরিক্ত জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট) সংরক্ষণ করবেন। অপর কপি (সংশ্লিষ্ট উপজেলার ভোটার তালিকা) জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের নিকট এবং প্রযোজ্য ক্ষেত্রে মহানগর কমান্ডের রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ করবেন।

০৪। মহানগর/উপজেলা কমান্ডের রিটার্নিং অফিসার স্ব স্ব কমান্ডের ভোটার তালিকার মূল কপি সংরক্ষণ করবেন এবং ফটোকপি ও স্বাক্ষর করে আগামী ০৫/০৪/২০২৩ তারিখ প্রকাশ করবেন।

০৫। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, স্বাক্ষর করে প্রেরিত চূড়ান্ত ভোটার তালিকা ব্যতীত অপর কোন কপি (website থেকে বা অন্য কোনভাবে প্রাপ্ত) কোনক্রমেই প্রকাশ করা যাবে না।

০৬। জেলার সকল রিটার্নিং অফিসারের (জেলা/মহানগর কমান্ড এবং উপজেলা কমান্ড) নির্বাচন কাজে ব্যবহারের জন্য নির্বাচন পরিচালনা সংক্রান্ত নির্দেশিকা এ সাথে প্রেরণ করা হলো।

০৭। এমতাবস্থায়, প্রেরিত চূড়ান্ত ভোটার তালিকা এবং নির্দেশিকা যথাসময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি:

ক) চূড়ান্ত ভোটার তালিকা ২ সেট

খ) নির্দেশিকা:.....টি (জেলা প্রশাসক-১টি এবং সকল রিটার্নিং অফিসার ১টি করে)

নির্বাচন কমিশনের আদেশক্রমে,

(রতন চন্দ্র পণ্ডিত)

প্রধান সমন্বয়কারী

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন-২০২২-২৩


টেলিফোন: ০১৭১৬২৬২৯৩৭

জেলা প্রশাসক (সকল)

..... জেলা

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. বীর মুক্তিযোদ্ধা জনাব এ এফ এম ইয়াহিয়া চৌধুরী, সাবেক অতিরিক্ত সচিব ও নির্বাচন কমিশনার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কেন্দ্রীয় কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন ২০২২/২০২৩, ঢাকা।
২. বীর মুক্তিযোদ্ধা জনাব উজ্জ্বল বিকাশ দত্ত, সাবেক সচিব ও নির্বাচন কমিশনার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কেন্দ্রীয় কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন ২০২২/২০২৩, ঢাকা।
৩. বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আনহার আলী খান, সাবেক অতিরিক্ত সচিব ও নির্বাচন কমিশনার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন ২০২২/২০২৩, ২০ ইস্কাটন গার্ডেন, ফ্ল্যাট-৭/এ, ঢাকা।
৪. বীর মুক্তিযোদ্ধা লে. কর্নেল (অব.) কাজী সাজ্জাদ আলী জহির, বীরপ্রতীক, স্বাধীনতা পদক, পদ্মশ্রী ও নির্বাচন কমিশনার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন ২০২২/২০২৩, ঢাকা।
৫. রিটার্নিং অফিসার, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩ এবং অতিরিক্ত সচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (এক সেট ভোটার তালিকা এতদসঙ্গে প্রেরণ করা হলো)।
৬. বিভাগীয় কমিশনার (সকল)।
৭. মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, স্কাউট ভবন, কাকরাইল, ঢাকা।
৮. প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ৩৯৩ নিউ ইস্কাটন রোড, মগবাজার, ঢাকা।
৯. জেলা প্রশাসক (সকল)।
১০. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১১. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব (উপসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
১৪. সিস্টেম এনালিস্ট, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (উপজেলা, জেলা/মহানগর ও বিভাগভিত্তিক চূড়ান্ত ভোটার তালিকা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।


(রতন চন্দ্র পন্ডিত)
প্রধান সমন্বয়কারী